



জনসংযোগ কার্যালয় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ৭৭৯১০৪৫-৫১, ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu



প্রেস বিজ্ঞপ্তি

জাবি ভূগোল ও পরিবেশ বিভাগে সেমিনার অনুষ্ঠিত
কৃষি ক্ষেত্রে আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে খাদ্য শস্যের উৎপাদন বেড়েছে
-উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ০৪ ডিসেম্বর ২০২৩।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে আজ Knowledge Sharing and Capacity Building Workshop for Precision Agriculture using UAV techniques in South and Southeast Asia Region : Hands- on training workshop শীর্ষক সেমিনারে প্রধান অতিথির ভাষণে উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম বলেছেন, জনসংখ্যা বৃদ্ধির সাথে খাদ্যের চাহিদা অব্যাহতভাবে বাড়ছে এবং কৃষি জমির পরিমাণও ক্রমাগতভাবে কমে যাচ্ছে। বর্তমান সরকার কৃষির উন্নয়নে বিশেষ গুরুত্বারোপ করে কৃষি জমি অক্ষুণ্ণ রাখা এবং খাদ্য শস্যের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কাজ করছে। কৃষি ক্ষেত্রে আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে খাদ্য শস্যের উৎপাদন বেড়েছে। উপাচার্য দৃঢ়ভাবে বিশ্বাস করেন, সেমিনার ও কর্মশালা থেকে সৃষ্টি হওয়া নতুন জ্ঞান কৃষির উন্নয়নে ভূমিকা রাখবে। বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান অনুষদ লাউঞ্জে এ কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মোঃ মনজুরুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. রাশেদা আখতার, সমাজবিজ্ঞান অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক বশির আহমেদ। ভূগোল ও পরিবেশ বিভাগের সহযোগী অধ্যাপক ড. তানজিনুল হক মোল্লা'র প্রকল্পের আওতায় অনুষ্ঠিত এ সেমিনারের উদ্বোধনী অনুষ্ঠানে ধন্যবাদ জ্ঞাপন করেন ভূগোল ও পরিবেশ বিভাগের সভাপতি অধ্যাপক মো. শাহেদুর রশিদ। ড. তানজিনুল হক মোল্লা'র পরিচালনায় অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন জাপানের হোকাইডু ইউনিভার্সিটির সহযোগী অধ্যাপক ড. রাম অবদার।

তিন দিনব্যাপী এই আয়োজনের আজ প্রথম দিন সেমিনারে বিভিন্ন সেশনে কৃষি ও কৃষি উৎপাদনে প্রযুক্তি ব্যবহারের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়। আগামী দুইদিন এই বিষয়ে কর্মশালা অনুষ্ঠিত হবে।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচডি
পরিচালক (ভারপ্রাপ্ত)

